

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
প্রশাসন-১ শাখা  
আগারগাঁও, ঢাকা।

নম্বর - ৪১.০১.০০০০.০০৮.১৮.২৫৭.১৪- ৭৫

তারিখ: ২০ জুলাই, ২০২০  
০৪ জুলাই ২০২০

অফিস আদেশ

বিষয় : বিভাগীয় পরিচালকগণ কর্তৃক উপজেলা সমাজসেবা অফিসারসহ অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীদের বদলির আদেশ প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ৪১.০০.০০০০.০৩৫.২৩.০০১.১৫.১১২১ তারিখ : ২১ কার্তিক ১৪২৪/ ০৫ নভেম্বর ২০১৭ যোগে জারীকৃত নং পত্রে বিভাগীয় পরিচালকগণের দায়িত্ব/ কর্মবন্টন আদেশ জারী করা হয়। বর্ণিত আদেশের ২ নং অনুচ্ছেদে বলা হয় (তঁার কর্ম অধিক্ষেত্রে কর্মরত উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ সমমান পদের কর্মকর্তাদের বদলী/ পদায়ন এবং নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারীদের প্রশাসনিক কর্মসম্পাদন করবেন (পদায়ন, বদলি, ছুটি, আপীল ও শৃঙ্খলা মামলা নিষ্পত্তিকরণে সহায়তা প্রদান ইত্যাদি)। ২নং অনুচ্ছেদের বর্ণিত বাক্যে বিভাগীয় পরিচালকগণকে নিয়োগ/ বদলীর ক্ষমতা দেয়া হয়েছে বলে প্রতীয়মান হয়না।

এমাতবস্থায়, এখন থেকে বিভাগীয় পরিচালকগণকে কোন প্রকার বদলী না করার জন্য অনুরোধ করা হলো। কোন কর্মকর্তা- কর্মচারীকে বদলীর প্রয়োজনীয়তা দেখা দিলে মহাপরিচালক বরাবর প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ জুলফিকার হায়দার  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন : ৫৫০০৭০২২

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :  
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/ প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, .....
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।